

০১। একনজরে আমাদের অর্জন সমূহঃ

সমবায় সমিতি যথাযথভাবে নিবন্ধনের মাধ্যমে সমবায়ীদের আর্থ-সামাজিক উন্নয়ন সহ বেকার সমস্যার সমাধান বিভিন্ন কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। যে সমস্ত সমিতির কার্যক্রম ভাল সেগুলির বার্ষিক অডিট সম্পাদন করা হচ্ছে এবং নীটলাভের উপর অডিট ফি ও টেজারী চালানের মাধ্যমে যে অর্থ আদায় হয় তা রাজস্ব খাতে জমা হচ্ছে।

০২। ভিশন ও মিশনঃ

উৎপাদনমুখী সমবায় সমিতি গঠনের মাধ্যমে টেকসই উন্নয়ন এই লক্ষ্যকে সামনে রেখে উপজেলা সমবায় কার্যালয় মির্জাপুর এর কার্যক্রম আরও গতিশীল করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সমবায়ীদের কাছে দ্রুত সেবা দান সহ মাঠ পর্যায়ে উদ্বুদ্ধকরণ অবহিতকরন সভা, মতবিনিময় সভা ও সমিতি গুলি নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

০৩। ভবিষ্যত পরিকল্পনাঃ

সরকারী নির্দেশনা অনুযায়ী লক্ষ্যমাত্রার আলোকে দাপ্তরিক কার্যক্রমকে ১০০% সফল করা সহ সমবায় বিভাগের সেবার মান উন্নত করাই আমাদের ভবিষ্যত পরিকল্পনা।

০৪। সাম্প্রতিক কর্মকাণ্ডঃ

বিগত ০৩ মাসে ৪০টি সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয়েছে। ০৪টি সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। ০৪টি উদ্বুদ্ধকরণ সভা, ০৪টি অবহিতকরন সভা, ০৬টি মতবিনিময় সভা, ১৪টি পরিদর্শন, ০২টি টেস্ট অডিট করা হয়েছে। ভ্রাম্যমান প্রশিক্ষনের মাধ্যমে বিগত ২০/১১/১৭ ও ১২/০২/১৮খ্রি. তারিখ ১৬টি সমিতির ৫০জন সমবায়ীদের সমবায় আইন ও বিধি সম্পর্কে পরামর্শ সহ কৃষি, পশু সম্পদ ও মৎস্য বিভাগের কর্মকর্তাদের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়াদির প্রশিক্ষন দান করা হয়েছে এবং বিগত ২৫/০২/১৮খ্রি. তারিখ আঞ্চলিক সমবায় একাডেমী কুমিল্লা ০৩ টি সমবায় সমিতির ০৩ জন সদস্যকে হিসাব ও নিরীক্ষা প্রশিক্ষনে পাঠানো হয়েছে যাতে তারা সমিতির হিসাব ব্যবস্থাপনা সম্পর্কে আধুনিক ভাবে প্রশিক্ষন গ্রহন করে তাদের কাজে লাগাতে পারে।

০৫। প্রশিক্ষন ও প্রশিক্ষন সংক্রান্ত পরামর্শঃ

অত্র বিভাগ হতে বিভিন্ন সমবায় সমিতির সদস্যদের তিন মাস অন্তর অন্তর ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান করা হয় এবং আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট মুক্তাগাছা, ময়মনসিংহ, আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট নরসিংদী ও বাংলাদেশ সমবায় একাডেমী কোটবাড়ী কুমিল্লায় সমবায় সমিতি সদস্যদের বিভিন্ন রকমের প্রশিক্ষন প্রদান করা হয়।

০৬। প্রকল্প পরিদর্শনঃ

অত্র উপজেলায় ০২টি আশ্রয়ন প্রকল্প রয়েছে। প্রকল্প ০২টি মধ্যে সরকারী ঋণ প্রদান করা হয়েছে। অত্র দপ্তর হতে পতি সপ্তাহে প্রদান কৃত ঋণের টাকা আদায় এবং পূর্ণবাসিত পরিবারের সদস্যদের সাথে যোগাযোগ অব্যাহত রেখে আশ্রয়ন প্রকল্প ০২টি যাবতীয় কার্যক্রম পরিদর্শন করা হচ্ছে।

০৭। চুক্তি সমূহঃ

- ১.১.১] প্রাক-নিবন্ধন অবহিতকরন সভা
- ১.১.২] সমবায় সমিতি নিবন্ধন প্রদান
- ২.১.১] যথাসময়ে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান নিশ্চিতকরন
- ২.১.২] যথাসময়ে এজিএম আয়োজন নিশ্চিতকরন
- ২.১.৩] কার্যকর সমিতির বার্ষিক হিসাব বিবরণী প্রাপ্তি নিশ্চিতকরন
- ২.২.১] সমবায় সমিতি পরিদর্শন
- ২.২.২] কার্যকর সমিতির নিরীক্ষা সম্পাদন
- ২.৩.১] নিরীক্ষা ফি আদায়
- ২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়
- ২.৪.১] সমবায় সংগঠনে বেতনভুক্ত কর্মচারি নিয়োগ
- ২.৪.২] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (পুরুষ)
- ২.৪.৩] সমবায় সংগঠনের মাধ্যমে স্ব-কর্মসংস্থান (মহিলা)
- ৩.১.১] সমবায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ (পুরুষ)
- ৩.১.২] সমবায়ী ভ্রাম্যমান প্রশিক্ষণ (মহিলা)
- ৩.১.৩] একাডেমী/সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ

উপরোক্ত ২০১৭-২০১৮ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কার্যক্রম অব্যাহত আছে।